

তারিখ: ২৮/০৪/২০১৭


বিজ্ঞপ্তি

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এই প্রথমবারের মতো বাংলাদেশ দূতাবাস, এথেন্স আগামী সোমবার, ০৮ মে ২০১৭ তারিখে দূতাবাস প্রাঙ্গণে গ্রীসে বসবাসরত প্রবাসী বাংলাদেশীদের জন্য স্বাস্থ্য সেবা বিষয়ক এক কর্মশালার আয়োজন করেছে। কর্মশালার বিস্তারিত কর্মসূচি নিম্নে দেওয়া হলো-

কর্মসূচি:

তারিখ	সময়	বিষয়: স্বাস্থ্য সেবা বিষয়ক কর্মশালা
সোমবার ০৮/০৫/২০১৭	বিকাল ৬:০০	মান্যবর রাষ্ট্রদূত কর্তৃক কর্মশালার শুভ উদ্বোধন
	বিকাল ৬:০৫	বাংলাদেশ ও গ্রীসের বিশেষজ্ঞ ডাক্তারদের স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান
	বিকাল ৭:০০	প্রশ্নোত্তর পর্ব

উপরোক্ত কর্মশালায় বাংলাদেশের স্বনামধন্য হৃদরোগ বিশেষজ্ঞ ও বিভিন্ন রোগের বিষয়ে অভিজ্ঞ ডাক্তারগণ ঢাকা হতে সরাসরি সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে পরামর্শ প্রদান করবেন। কর্মশালায় উপস্থিত থাকবেন গ্রীসের ডাক্তারবৃন্দ। উক্ত কর্মশালায় প্রবাসী বাংলাদেশী নাগরিকগণকে অংশগ্রহণপূর্বক স্বাস্থ্য সম্পর্কিত বিভিন্ন বিষয়ে পরামর্শ গ্রহণ করার জন্য অনুরোধ জানানো গেল।


কর্তৃপক্ষ ২৮/০৪/২০১৭